

স্মারক: বাউবি/আইএপিডব্লিউ/বিএ ও বিএসএস/ভর্তি/০৫/০৭/২০/১৯১

তারিখ: ৩০ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১৫ অক্টোবর, ২০২৬ খ্রিস্টাব্দ

সমন্বয়কারী

বহিঃবাংলাদেশ (নিশ-২) প্রোগ্রাম

বাংলাদেশ দূতাবাস

সৌদি আরব/কাতার/কুয়েত/ওমান/সংযুক্ত আরব আমিরাত/ইতালি/দক্ষিণ কোরিয়া

বিষয় : বহিঃবাংলাদেশ বিএ এবং বিএসএস (নিশ-২) প্রোগ্রাম (২০২৬ ব্যাচ)-এর ক্লাস শুরুর তারিখ পরিবর্তন প্রসঙ্গে।


মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানাচ্ছি যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বহিঃবাংলাদেশ বিএ এবং বিএসএস (নিশ-২) প্রোগ্রামের ২০২৬ ব্যাচে (শিক্ষাবর্ষ : ২০২৬-২০২৭) ভর্তির জন্য অনলাইনে আবেদন ও ফি জমাদানের নির্ধারিত সময় গত ০৭ অক্টোবর ২০২৬ তারিখে শেষ হয়েছে। বর্তমানে আবেদনকৃত শিক্ষার্থীদের তথ্যাদি যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে।

আগামী ০৫ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে চূড়ান্ত যাচাই-বাছাই শেষে যোগ্য শিক্ষার্থীদের OSAPS প্রোফাইল অনুমোদন (Approve), বাউবি আইডি প্রদান এবং হোয়াটসঅ্যাপ গ্রুপের লিংক ইমেইলের মাধ্যমে প্রেরণ করা হবে। উল্লেখ্য, অনলাইন ক্লাসের লিংক (জুম/গুগল মিট), পরীক্ষাসহ যাবতীয় নোটিশ ও গুরুত্বপূর্ণ তথ্যাদি উক্ত হোয়াটসঅ্যাপ গ্রুপে শেয়ার করা হবে। বহিঃবাংলাদেশ বিএ এবং বিএসএস (নিশ-২) প্রোগ্রামের ২০২৬ ব্যাচের ক্লাস শুরুর তারিখ নিম্নোক্তভাবে নির্ধারণ করা হয়েছে:

দেশের নাম	ক্লাস শুরুর তারিখ
সৌদি আরব, কাতার, কুয়েত ও ওমান	০৬ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ
সংযুক্ত আরব আমিরাত, ইতালি ও দক্ষিণ কোরিয়া	০৮ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি।



কর্তৃপক্ষের নির্দেশক্রমে,



সঙ্গীতা মোরশেদ

যুগ্ম-পরিচালক

ইন্টারন্যাশনাল একাডেমিক প্রোগ্রাম উইং
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (বাউবির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করছি)।
২. ডিন, এসএসএইচএল, বাউবি।
৩. সভাপতি, সংশ্লিষ্ট ভর্তি কমিটি, এসএসএইচএল, বাউবি।
৪. ফোকাল পয়েন্ট, বিএ এবং বিএসএস (নিশ-২) প্রোগ্রাম, এসএসএইচএল, বাউবি।
৫. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সংরক্ষণ নথি।